কেমন হবে ইমাম মাহদী আলাইহিস্ সালাম এবং তাঁর সাথীদের যিন্দেগী?
সীরাতের আলোকে রচিত ঈমানদীপ্ত একটি অদ্বিতীয় কিতাব-

নবীওয়ালা এবং সাহাবাওয়ালা যিন্দেগী
(গরীব ইসলাম)

(প্রথম খণ্ড)

-শাইখ মাহমুদ আল হিন্দী

অনুবাদ-
আবু আব্দুল্লাহ

لَّقَدْ كَانَ لَكُمْ فِى رَسُولِ ٱللَّهِ أُسْوَةٌ حَسَنَةٌ لِّمَن كَانَ يَرْجُو ٱللَّهَ وَٱلْيَوْمَ ٱلْآخِرَ وَذَكَرَ ٱللَّهَ كَثِيراً ﴿٢١﴾

"তোমাদের মাঝে যারা আল্লাহ (তাআলার সন্তুষ্টি ও মহব্বত) এবং শেষ দিবসের (কামিয়াবীর) আশা রাখে এবং আল্লাহকে অধিক স্মরণ করে, আল্লাহর রাসূলের মাঝে তাদের জন্য রয়েছে উত্তম আদর্শ (উস্‌ওয়াতুন্‌ হাসানাহ্‌)।"

(৩৩ সূরা আহযাব:২১)

হযরত আয়েশা রদিয়াল্লহু আনহা হতে বর্ণিত, নবী করীম ﷺ বলেছেন,

بَدَأَ الْاِسْلَامُ غَرِيْبًا وَسَيَعُوْدُ كَمَا بَدَأَ غَرِيْبًا فَطُوْبٰى لِلْغُرَبَاءِ

“ইসলাম শুরুতে গরীব (অপরিচিত) ছিল, খুব শীঘ্রই তা আবার গরীব (অপরিচিত) হয়ে যাবে যেমনটি শুরুতে ছিল, সুতরাং সুসংবাদ গোরাবাদের জন্য (যারা অপরিচিত ইসলামকে নিজেদের জীবনে আঁকড়ে ধরে রাখে)।” (সহীহ মুসলিম)

[বি.দ্রঃ ‘গরীব’ শব্দটি আরবী শব্দ, যার অর্থ ‘অপরিচিত’। উর্দূ এবং বাংলাতেও ‘গরীব’ শব্দটি ব্যবহৃত হয়, যার অর্থ ‘নিঃস্ব’। সুতরাং শব্দ একই হলেও বিভিন্ন ভাষায় অর্থ ভিন্ন ভিন্ন।- অনুবাদক]

হযরত সা’দ বিন হিশাম রদিয়াল্লহু আনহু আম্মাজান হযরত আইশা রদিয়াল্লহু আনহাকে প্রশ্ন করলেন, হে মুমিনদের আম্মা! আমাকে নবীজী ﷺ-এর আখলাক সম্পর্কে বলুন। আম্মা তাকে জিজ্ঞাসা করলেন, তুমি কি কুরআন পড়ো না? সা’দ বিন হিশাম রদিয়াল্লহু আনহু বললেন, জ্বী হ্যাঁ। তখন আম্মা বললেন, কুরআনই হলো নবীজী ﷺ-এর আখলাক।

যেহেতু কুরআন নবীজী ﷺ-এর আখলাক, আর কুরআনই হলো সকল এলেমের উৎস, তাই নবীজী ﷺ-এর যিন্দেগীই হলো সকল এলেমের মূল কেন্দ্রবিন্দু, বাস্তব জগতে কুরআনের অনুবাদ। আর নবীজী ﷺ-এর যিন্দেগীর যে ওয়ারিশ হবে বা সেই পবিত্র যিন্দেগীকে যে নিজের যিন্দেগী বানাবে কেবলমাত্র তারাই প্রকৃত আলেম, তাঁরাই প্রকৃত কুরআনের অনুসারী।

১০ জিলহজ্জ, ১৪৪০ হিজরী (১২ই আগস্ট, ২০১৯ ঈসায়ী) তারিখের ঘটনা।

আল্লাহর রাসূল ﷺ কোনো একটি যুদ্ধে রওয়ানা হওয়ার পূর্বে জিহাদের সমস্ত প্রস্তুতি শেষ করে সাহাবায়ে কেরাম রদিয়াল্লহু আনহুম আযমাঈনদের নিয়ে আহার করতে বসেছেন। খাসীর গোশত ও রুটি। এরই মধ্যে এক ব্যক্তি ঘরের দরজায় দাঁড়িয়ে উঁকি দিল। লোকটি আল্লাহর রাসূল ﷺ-কে ঘরে অবস্থান করতে দেখে চলে গেলো। তখন নবীজী ﷺ ইরশাদ করলেন, "লোকটি আবু জেহেল। সে যুদ্ধের সকল প্রস্তুতি সম্পন্ন করেছে। সে তার ঘোড়াগুলোর পীঠে লোহার জীন পরিয়েছে।"......

না, এটি সীরাতের কোনো ঘটনা নয়, বাস্তবে এমন কিছু ঘটেনি, আবার এটি কল্প কাহিনীও নয়! এটি একটি স্বপ্ন!

স্বপ্নটির কথা কেন লিখলাম? কারণ আল্লাহর রাসূল ﷺ ইরশাদ করেন, "যে আমাকে স্বপ্নে দেখল, প্রকৃতপক্ষে সে আমাকেই দেখল। কেননা শয়তান আমার রূপ ধারণ করতে পারে না।"

আর উপরোল্লিখিত স্বপ্নটিতে কিছু গুরুত্বপূর্ণ বার্তা আছে, তাই সর্বাগ্রে তা উল্লেখ করার প্রয়োজন মনে করছি। যথা:

১. আবু জেহেল সারা দুনিয়ার বাতিল ও কুফুরী শক্তির প্রতীক। আবু জেহেলের উত্তরসূরী বর্তমান যামানার সকল ত্বগুত শক্তি মুসলমানদের বিরুদ্ধে যুদ্ধের সার্বিক প্রস্তুতি সম্পন্ন করে ফেলেছে।

২. আবু জেহেল ঘোড়া প্রস্তুত করেছে। অর্থাৎ দুনিয়ার সকল কাফের মুশরিকরা যুদ্ধের সকল সরঞ্জাম নিয়েই মাঠে নেমেছে।

৩. মুসলমানদের বিরুদ্ধে যুদ্ধ করার জন্য যত রকমের শক্তি সঞ্চয় করা প্রয়োজন, বাতিল তা প্রস্তুত করতে কোনোই কার্পণ্য করেনি। কেননা লোহা সমর শক্তির প্রতীক। যেমন, কুরআন কারীমে ইরশাদ হয়েছে,

وَأَنزَلْنَا ٱلْحَدِيدَ فِيهِ بَأْسٌ شَدِيدٌ وَمَنَافِعُ لِلنَّاسِ

"আর আমি নাযিল করেছি লৌহ, তাতে আছে প্রচণ্ড রণশক্তি এবং মানুষের বহুবিধ উপকার।" (৫৭ সূরা হাদীদ: ২৫)

৪. রাসূলুল্লাহ ﷺ এবং সাহাবায়ে কেরাম হচ্ছেন, আল্লাহ তাআলার মকবুল এক বাহিনী। তাঁরা আল্লাহ পাকের বাহিনীর প্রতীক। আল্লাহর বাহিনীতে আরো আছেন সম্মানিত ফেরেশতাবৃন্দ, আরো আছে অনেকে, আরো অনেক কিছু। যাকে ইচ্ছা তাকে দ্বারা আল্লাহ তাআলা তাঁর বাহিনীর কাজ নিতে পারেন। এক কথায়, আল্লাহ তাআলা ও তাঁর বাহিনীও যুদ্ধের জন্য প্রস্তুত। কিন্তু......

উম্মত এখনো বেঘোরে ঘুমাচ্ছে। তাই উম্মতকে দ্রুত জাগাতে হবে। পৃথিবীর ইতিহাসের সর্বশেষ ও সবচেয়ে ভয়াবহ যুদ্ধ, হক ও বাতিলের সিদ্ধান্তমূলক যুদ্ধের জন্য উম্মতকে এখনি জাগিয়ে তুলতে হবে।

প্রিয় মুসলিম ভাই ও বোনেরা! আপনারা এখন যে কিতাবটি পড়তে যাচ্ছেন, উপর্যুক্ত এই লক্ষ্যকে বাস্তবায়ন করতে এটি তেমনি এক প্রচেষ্টা। যদিও এই ধাচের কিতাব রচনা করার মতো উপযুক্ত ব্যক্তি কখনোই ছিলাম না, ভবিষ্যতেও হতে পারবো কিনা জানিনা, কেবল উম্মতের দুর্দশার কথা চিন্তা করে এবং ইলম গোপনের গুনাহ থেকে বাঁচার তাগিতে কিতাবটি রচনায় হাত দেই। তাছাড়া আল্লাহ্‌র রাসূল ﷺ-এর এই নির্দেশ পালনে-"আমার পক্ষ থেকে পৌঁছে দাও একটি আয়াতও যদি হয়।" (বুখারী, হাদীস নং-৩,৪৬১) এবং নিম্নোক্ত হাদীসের ভাষ্যটি সামনে রেখে এ গুরুতর কাজটি সম্পন্ন করার সাহস করি।

নবীজী ﷺ ইরশাদ করেন,"আল্লাহ তাআলা ঐ ব্যক্তিকে সজীব ও তরতাজা রাখুন, যে আমার নিকট থেকে কোনো হাদীস শুনে তা মুখস্থ করলো এবং অন্যকে পৌঁছে দিল। কেননা, হতে পারে জ্ঞানের কথার বহু ধারক তার চেয়ে জ্ঞানী ও সমঝদার ব্যক্তির নিকট তা পৌঁছাল, আবার এও হতে পারে যে, জ্ঞানের কথার অনেক ধারক নিজে তেমন জ্ঞানী ও সমঝদার নয়।" (সুনানে আবু দাউদ, হাদীস নং-৩৬,৫১৬)

যাই হোক, কিতাবটিতে উম্মতে মুহাম্মাদীর সকল স্তরের ভাই/বোনদের জাগানোর চেষ্টা করা হয়েছে। এই কাজ করতে গিয়ে প্রয়োজনের তাগিদে প্রত্যেকের ভুল-ত্রুটি নিয়েও আলোচনা করতে হয়েছে। সাধারণ দ্বীনদার, নাফরমান, গোনাহগার, সালেকীন, সালেহীন, দাঈ, রাজনীতিবিদ, মুজাহিদ, ত্বলিবুল ইলম, আলেম সমাজ সকল তবকার মুসলমানদের 'ইসলাহ' করার প্রয়াস চালানো হয়েছে। কিতাবের বিষয়বস্তু অনেকের কাছে নতুন বা ভিন্নরকম

বোধ হতে পারে। তার কারণ নামের মাঝেই নিহিত। আমরা আমাদের সমাজের গতানুগতিক ইসলাম নিয়ে আলোচনা করছি না। চৌদ্দশত বৎসর আগের "অপরিচিত" ইসলাম নিয়ে কথা বলছি। যেহেতু আমাদের ইসলামের সাথে সেই যামানার ইসলামের অনেক পার্থক্য বিদ্যমান এবং আমরা প্রকৃত ইসলামের অনেক বিকৃতি ঘটিয়েছি, তাই আলোচনার প্রসঙ্গ অনেকের "স্ব-রচিত"(!) ইসলামের বিরুদ্ধে চলে যেতে পারে। এক্ষেত্রে আমরা অপারগতা প্রকাশ করছি। আমাদেরকে সত্য বলতেই হবে, উম্মতের সামনে সঠিক ইসলামকে তুলে ধরতেই হবে। এ ব্যাপারে আমরা আল্লাহ তাআলার পর অন্য কাউকে ভয় বা তোয়াক্কা করি না। কারো সমালোচনা করা আমাদের উদ্দেশ্য নয়, বরং আমরা উম্মতের ইসলাহ কামনা করি। আল্লাহর কসম আমরা উম্মতের ভালাই চাই। তাই কিতাবটি পাঠান্তে সমালোচনা নয়, আত্মসমালোচনা চাই; বিরোধিতা নয়, আত্মসংশোধন চাই; যুগের স্রোতে গা ভাসিয়ে দেয়া নয়, যিন্দেগীর পরিবর্তন চাই; আর গাফলত নয়, এবার জাগ্রত হওয়া চাই, রণসাজে সজ্জিত হয়ে, "আল্লাহু আকবার" তাকবীর ধ্বনি তুলে, ময়দানে ঝাঁপিয়ে পড়া চাই।

মাহমুদ আল হিন্দী

-উম্মতে মুহাম্মাদীর একজন 'নাদান' হিতাকাঙ্ক্ষী।

সাহাবাওয়ালা মেজাজ গড়তে..........

কিয়ামত পর্যন্ত উম্মতকে সঠিক পথ দেখাতে.........

পৃথিবীর মানচিত্র ও ইতিহাসকে পরিবর্তন করতে.........

উম্মতকে সাহাবাওয়ালা ঈমানী চেতনায় জাগ্রত করতে.........

আখেরী যামানার উম্মতকে নবুয়তের যামানায় ফিরিয়ে নিতে.......

সাহাবায়ে কেরামের জামাতের আদলে একটি নূরানী জামাত তৈরি করতে.......

এই কিতাবটি যথেষ্ট সহায়ক হবে ইনশাআল্লাহ!!!

-মাহমুদ আল হিন্দী

উৎসর্গঃ

প্রথমত, আমার নফ্‌স-কে, কেননা কাউকে নসীহত করার মতো যোগ্যতা বা ক্ষমতা কোনোটাই আমার নেই, কেবল আমার নফ্‌স ছাড়া! সবচেয়ে বেশি নসীহতের মুহতাজ আমি নিজে।

হে নফস্‌! এই কিতাবের প্রতিটা শব্দ তোমার জন্য। তাই কিতাবটি ভালোভাবে বারবার পড়ো, কেননা এর উপর তোমাকে অবশ্যই আমল করতে হবে।

দ্বিতীয়ত, যারা সাহাবাওয়ালা যিন্দেগী চিনতে চায়, গড়তে চায়, তাদেরকে।

আল্লাহ তাআলা আমাদের সকলকে সাহাবাওয়ালা যিন্দেগী দান করুন। আমীন।

সূচিপত্র (প্রথম খণ্ড)

কিছু কথা

কিছু কথা কিছু ব্যথা

কেমন হবে ইমাম মাহ্দী আলাইহিস্ সালাম এবং তাঁর সাথীদের যিন্দেগী?

ইমাম মাহদী আলাইহিস্ সালাম এই পৃথিবীর বুকে প্রতিষ্ঠা করবেন "নবুয়তের আদলে খিলাফত"। আর ইমাম মাহদী আলাইহিস্ সালামের আখলাক (স্বভাব চরিত্র) ও যিন্দেগী হবে রাসূলুল্লাহ ﷺ এর মত; কিন্তু চেহারা তাঁর মত হবে না। তাহলে, ইমাম মাহদী আলাইহিস্ সালামের সাথীদের আখলাক ও যিন্দেগী কেমন হবে? 'নবুয়তের আদলে খিলাফত' কায়েমের জন্য যদি নেতার (ইমামের) আখলাক ও যিন্দেগী রাসূলুল্লাহ ﷺ এর মত হতে হয়, তাহলে নেতার সাথীদের আখলাক ও যিন্দেগী নিঃসন্দেহে রাসূলুল্লাহ ﷺ এর সাথীদের (সাহাবায়ে কেরামের) অনুরূপ হওয়া আবশ্যক। ইমাম মাহদী আলাইহিস্ সালামের সাথী হতে হলে এই ১৪০০ বছর পরও সাহাবাওয়ালা যিন্দেগীই হতে হবে। যারা মনে করেন এবং বিশ্বাস করেন, এই যামানায় সাহাবীদের হুবহু অনুকরণ ও অনুসরণ সম্ভব নয়, বরং নিষ্প্রয়োজন, দশ ভাগের কমপক্ষে একভাগ অনুকরণ ও অনুসরণ করলেই চলবে, দুঃখিত! তারা আর যাই হোন না কেন, ইমাম মাহদী আলাইহিস্ সালামের সাথী হতে পারবেন না। হ্যাঁ, দশ ভাগের একভাগ আমল করলে হয়ত জান্নাত মিলবে, কিন্তু ইমাম মাহদী আলাইহিস্ সালামের সাথী হওয়া আওর চীয্, তা হতে হলে নবীওয়ালা এবং সাহাবাওয়ালা যিন্দেগীই লাগবে। একটুও কম হলে চলবে না। তাই

আমাদেরকে নবীওয়ালা/সাহাবাওয়ালা যিন্দেগীর মাপকাঠি জেনে নিতে হবে। কেননা ইমাম মাহদীকে চিনতে হলে সর্বাগ্রে যাচাই করতে হবে, যার মধ্যে ইমাম মাহদী আলাইহিস্ সালামের কিছু আলামত পাওয়া যাচ্ছে, তার যিন্দেগী আল্লাহর রাসূল ﷺ এর যিন্দেগীর মত কিনা, তাঁর ﷺ যিন্দেগীর সাথে পুরোপুরি মিলে কিনা। আবার আমরা যারা ইমাম মাহদী আলাইহিস্ সালামের সাথী হবার স্বপ্ন দেখি আমাদেরও সাহাবাওয়ালা যিন্দেগী কিরূপ ছিল তা জেনে যিন্দেগী সেভাবে গড়তে হবে। আমরা যেন এই কথা মনে না করি, কালো পতাকার বাহিনীতে নাম লিখিয়েছি বলেই ইমাম মাহদী আলাইহিস্ সালামের হাতে বাইয়াত হতে পারবো কিংবা ৩১৩ জন বদরী সাথীদের একজন হয়ে যাবো। কেননা, কালো পতাকার বাহিনীতে হাজার হাজার মুজাহিদ বর্তমান আছেন, কিন্তু ইমাম মাহদী আলাইহিস্ সালামের সবচেয়ে মর্যাদাবান ৩১৩ জন সাথী কি সবাই হতে পারবেন? পারবেন না। আবার সেই ৩১৩ জন যে সবাই কালো পতাকার বাহিনীর সাথী হবেন, এমন তো কোনো হাদীস নেই, হ্যাঁ, সবাই হতে পারেন, কিছু হতে পারেন, অধিকাংশ হতে পারেন, আবার কেউ নাও হতে পারেন, সবগুলোই সম্ভাবনা রাখে। কালো পতাকার বাহিনী ইমাম মাহদী আলাইহিস্ সালামের সহযোগী হবেন, খিলাফত কায়েম করবেন, ইমাম মাহদী আলাইহিস্ সালাম চিহ্নিত হবার পর। আর প্রকৃত ইমাম মাহদী আলাইহিস্ সালামকে চিহ্নিত করা এবং তাঁর হাতে বাইয়াত হয়ে ৩১৩ জনের অন্তর্ভূক্ত হওয়া কেবল তাদের পক্ষেই সম্ভব যাদেরকে আল্লাহ পাক স্বয়ং গাইড্ করবেন। আর আল্লাহ তাআলা হযরত ইমাম মাহদী আলাইহিস্ সালামের প্রাথমিক ৩১৩ জন সাথী তাদেরকেই নির্বাচিত করবেন, যাদের যিন্দেগী সাহাবাদের সাথে মিলবে, সে পৃথিবীর যে প্রান্তেই

থাকুক না কেন। আবারো বলছি, ইমাম মাহদী আলাইহিস্ সালামকে চিহ্নিত করা কেবল তাদের পক্ষেই সম্ভব হবে যাদের যিন্দেগী সাহাবাওয়ালা, কারণ আল্লাহ তাআলা তাদেরকেই পথ প্রদর্শন করবেন, সত্য ইমাম মাহদীকে চিনিয়ে দিবেন। তাই ইমাম মাহ্দী আলাইহিস্ সালামের বদরী সাথী হতে হলে, যিন্দেগী সাহাবাওয়ালাই হতে হবে। শুধু কি বদরী সাথী হওয়ার জন্যই সাহাবাওয়ালা যিন্দেগী দরকার? না, ইমাম মাহদী আলাইহিস্ সালামের বাহিনীর অন্তর্ভূক্ত হতে হলে, তাঁর সহযোগী হতে হলে, আল্লাহ তাআলার মদদ-নুসরত পেতে হলে, আল্লাহ তাআলার সাথে সম্পর্ক সাহাবাওয়ালাই হতে হবে। যিন্দেগী সাহাবাদের যিন্দেগীর মতোই হতে হবে। সে ব্যক্তি সবচেয়ে বড় আহাম্মক, যার যিন্দেগী সমাজের আর দশজন দ্বীনদারদের মতো (যাদের যিন্দেগীর অধিকাংশ কার্যকলাপ ইহুদী-নাসারাদের সাথে মিলে যায়), আর সে আশা রাখে হযরত ইমাম মাহদী আলাইহিস্ সালামের সাথী হবে!

আমরা যারা হযরত ইমাম মাহদী আলাইহিস্ সালামের হাতে বাইয়াত হওয়ার জন্য হিজরত করতে চাই, তাঁর সাথী হতে চাই, কেন চাই? কোন্ নিয়তে চাই? কেবলই কি মর্তবা হাছিল করা উদ্দেশ্য? আসমানের নীচে, জমিনের উপরে আমি সর্বশ্রেষ্ঠ হবো, এজন্য? না, নিয়ত সহীহ হলো না।

আমাদেরকে এ নিয়ত করতে হবে, হযরত ইমাম মাহদী আলাইহিস্ সালাম উম্মতকে সেই ইসলাম আবারো উপহার দিবেন, যা প্রিয় নবীজী ﷺ সাহাবায়ে কেরামকে দিয়েছিলেন। তাই যদি আমি ইমাম মাহদী আলাইহিস্ সালামের সাথী হতে পারি, তাহলে আমিও সেই ইসলামের স্বাদ লাভ করতে পারবো, আমার যিন্দেগীও সাহাবাদের মতো হবে, আল্লাহ

তাআলার মারেফাত লাভ ও তাঁর সাথে আমার সম্পর্কও সাহাবায়ে কেরামের মতো হবে, আল্লাহ তাআলা ও তাঁর রাসূলের মহব্বতও আমার দীলে সাহাবাওয়ালাই হবে। তাই আমরা নিয়তকে পরিবর্তন করি, সকলেই নবীওয়ালা/ সাহাবাওয়ালা যিন্দেগী গড়ার নিয়ত করি। কেননা, ইমাম মাহদী আলাইহিস্ সালামের হাতে বাইয়াত হলেই আমি আমার মঞ্জিলে মাকসাদে পৌঁছে গেলাম না। এরপর আমার জীবনের সবচেয়ে কঠিন কঠিন পরীক্ষাগুলো আসতে থাকবে। সেগুলো মোকাবেলা করা সাহাবাওয়ালা যিন্দেগী, সাহাবাওয়ালা কুরবানী আর সাহাবাওয়ালা ঈমানী শক্তি ছাড়া সম্ভব নয়। একারণেই অনেকেই (এক তৃতীয়াংশ) হয়রত ইমাম মাহদী আলাইহিস্ সালামের হাতে বাইয়াত হয়েও রণে ভঙ্গ দিবে, জিহাদ থেকে পালাবে, মুরতাদ হয়ে চিরকালের জন্য জাহান্নামে যাবে। এদেরকে আল্লাহ তাআলা কোনোদিন ক্ষমা করবেন না। তাই জোশে নয়, হুশের সাথে চিন্তা করে করে কদম বাড়ানো। সকল কিছুর আগে সাহাবাওয়ালা যিন্দেগী গড়ার মেহনত, পরে অন্য মেহনত। আর এজন্য আল্লাহ পাকের দরবারে খুব বেশি দুআ করা চাই, খুব বেশি পানাহ চাওয়া চাই। আল্লাহ তাআলা আমাদের সকলকে হেফাযত করুন। আমীন।

একটা বিষয় স্পষ্ট হওয়া দরকার। যেহেতু সবাই এখন ইমাম মাহদী আলাইহিস্ সালামের অপেক্ষা করছে, পারিপার্শ্বিক আলামত দৃষ্টে সবার মুখে এখন এক কলরব “ইমাম মাহদী”, ইমাম মাহদী”, তাই তাঁর প্রসঙ্গ এনে আলোচনা শুরু করা হলো। নয়তো, ইমাম মাহদী আলাইহিস্ সালাম যদি আমার জীবদ্দশায় নাও আসেন, বরং আরো একশ বা এক হাজার বছর পরেও তাঁর আবির্ভাব হয়, তবুও সকলের উপর এটা বাধ্যতামূলক

ছিল যে, আল্লাহর রাসূল ﷺ এবং সাহাবাদের যিন্দেগী দেখে দেখে উম্মত নিজের যিন্দেগী বানাবে, সাহাবায়ে কেরামের যিন্দেগী যেমন ঈমানদীপ্ত ছিল, উম্মতের যিন্দেগীও তেমনি হবে, সাহাবায়ে কেরামের দীল যেমন দুনিয়া থেকে পাক ছিল, উম্মতের প্রত্যেকের দীলও তেমনি দুনিয়া থেকে পাক হবে, সাহাবায়ে কেরামের নাম শুনলে যেমনভাবে ভয়ে কুফ্ফারদের কাপড় নষ্ট হয়ে যেত, এই উম্মতের প্রত্যেকের নাম শুনলেও এভাবে কাফেরদের ঘুম হারাম হয়ে যাবে। তাই ইমাম মাহদী আলাইহিস্ সালাম আমাদের যামানায় আসুক বা না আসুক, আমরা আমাদের যিন্দেগীকে সাহাবাওয়ালা যিন্দেগী বানাই, আমাদের সন্তানদেরকে সাহাবাওয়ালা যিন্দেগী গড়ে দেই, তারা তাদের সন্তানদেরকে শিখাবে, একসময় যখন হযরত ইমাম মাহদী আলাইহিস্ সালাম আসবেন তখন এই দুনিয়া থেকে বাতিলকে মিটানো কোনো বিষয়ই হবে না, আমাদেরকে অথবা আমাদের সন্তানদেরকে আল্লাহ তাআলা ইমাম মাহদী আলাইহিস্ সালামের সাথী বানিয়ে সারা বিশ্বে ইসলামী খিলাফত কায়েম করবেন, দাজ্জালকে প্রতিহত করবেন। আল্লাহ তাআলা আমাদেরকে এবং আমাদের সন্তানদেরকে কবুল করুন। আমীন।

কিছু ব্যথা

সাহাবায়ে কেরামের মাঝে পরিপূর্ণ ইসলাম ছিল, তবে এমন কিছু বিশেষ বৈশিষ্ট্য পূর্ণরূপে বিদ্যমান ছিল, যেগুলো পরবর্তী উম্মতের মাঝে ধীরে ধীরে হ্রাস পেতে পেতে বর্তমানে প্রায় 'নাই' পর্যায়ে চলে এসেছে, অথচ উম্মত এখনও নামায, রোযা, হজ্জ, যাকাত, কুরআন কারীমের তিলাওয়াত, গবেষণা ইত্যাদি আমলগুলো করে থাকে। এই বিশেষ বৈশিষ্ট্যগুলোর কারণেই পরবর্তী উম্মত যতই ইবাদত করুক না কেন সাহাবায়ে কেরামের ঘোড়ার পায়ের ধূলার সমানও হতে পারবে না। সাহাবায়ে কেরামের কাছে যে ইসলাম ছিল আজ তা আমাদের নিকট অপরিচিত (গরীব)। বর্তমানে একজন মানুষ ঈমান আনার পর কিছু ইবাদত বন্দেগী করলে যেমন তাহাজ্জুদ ও অন্যান্য নাওয়াফেলের এহ্তেমাম করলে, তাবলীগে কিছু সময় লাগালে, দাঁড়ি-টুপি, পাঞ্জাবী, পাগড়ি, জুব্বা ইত্যাদি সুন্নতি লেবাস ধরলে, নিজে খাস্ পর্দা করলে, স্ত্রীকে খাস্ পর্দায় রাখলে, মুআমালাত, মুআশারাত ঠিক করলে, আখলাক-চরিত্র ভালো করলে (যেমন, যে মানুষের প্রতি হিংসা-বিদ্বেষ পোষণ করে না, অহংকার করে না, চোখের গুনাহ ও অন্যান্য প্রকাশ্য-অপ্রকাশ্য গোনাহ করে না) তাকেই পরিপূর্ণ দ্বীনদার মনে করা হয়, যামানার শ্রেষ্ঠ বুযুর্গ আখ্যায়িত করা হয়। হ্যাঁ, এই ব্যক্তি অবশ্যই বুযুর্গ-ওলী, আল্লাহ ﷻ চাইলে জান্নাতী মানুষ, সন্দেহ নেই, কিন্তু আমাদের কথা হলো, শুধু এতটুকু হলেই নবীওয়ালা/সাহাবাওয়ালা যিন্দেগী হলো না, এর জন্য চাই আরো কিছু মৌলিক বৈশিষ্ট্য ও গুণ থাকা, যেগুলো না হলে একজন মানুষ যতই বুযুর্গ/ওলী হোক না কেন তার যিন্দেগী নবীওয়ালা/সাহাবাওয়ালা যিন্দেগী

নয়। যেই বৈশিষ্ট্যগুলোর উপর আমল করলে এই যামানায় একশ গলাকাটা শহীদ সাহাবীর মর্তবা লাভ হবে ইন্‌শাআল্লাহ।

কিন্তু অত্যন্ত আফসোস ও পরিতাপের বিষয় হলো, আমল তো পরে করব, সেই দ্বীনকেই তো আমরা চিনি না, আজ সত্যিকারের নবীওয়ালা ও সাহাবাওয়ালা দ্বীন আমাদের নিকট অপরিচিত। আমাদের সামনে দ্বীনের যে শেকেল আছে, তা কস্মিনকালেও নবীওয়ালা/সাহাবাওয়ালা দ্বীন নয়, হতেই পারেনা! দ্বীনের কিছু বাহ্যিকতা, রুসুম রেওয়াজ আর বাহিরের খোলস ব্যতীত আমাদের নিকট দ্বীনের কিছুই নেই। তার প্রমাণ- একদিন রাসূলুল্লাহ ﷺ একজন সাহাবীকে জিজ্ঞাসা করলেন, সাহাবীদের সংখ্যা কেমন হয়েছে? সাহাবী বললেন, দেড় হাজারের মত। নবীজী ﷺ বললেন, আলহামদুলিল্লাহ! (যথেষ্ট হয়েছে।)

পৃথিবীতে আল্লাহর দ্বীন ও মুসলমানদের নিরাপত্তা কায়েমের জন্য যদি দেড় হাজার সাহাবীই যথেষ্ট হয়, তাহলে বর্তমান বিশ্বে আড়াইশ কোটি মুসলমান গেল কোথায়?

লক্ষ লক্ষ হাফেয-আলেম-মুফতী, মাদরাসার ছাত্র, সালেকীন, দাঈ-মুবাল্লিগ, মুজাহিদ থাকা সত্ত্বেও কেন আজ মুসলমানদের এই হালত?

কেন আজ পশ্চিমা শক্তি মুসলিম বিশ্বের উপর অবিরত ক্রুসেড পরিচালনা করে যাচ্ছে?

কেন আজ মুসলমানদের ঘরে ঘরে কারবালার মাতম আর আহাজারি?

কেন আজ মায়ের বুক খালি হচ্ছে, ভাইয়ের বুক থেকে রক্ত ঝরছে?

কেন আজ গর্ভবতী মায়ের গর্ভের শিশুকে স্নাইপার দিয়ে হত্যা করা হচ্ছে?

কেন আজ দুধের অবুঝ শিশুর শাহাদাতের উপর মমতাময়ী মায়ের আর্তচিৎকার?

আজ কোন্ সাহসে একজন মাত্র খ্রিস্টান মসজিদে ঢুকে শতাধিক মুসলমানকে "ভিডিও গেম্স খেলা"র মতো হত্যা করছে?

আজ কেন বোমার আঘাতে মুসলমানের দেহ টুকরা টুকরা হয়ে নিশ্চিহ্ন হয়ে যাচ্ছে?

আজ কেন মুসলমানদের জ্বালিয়ে-পুড়িয়ে, হত্যা করে গ্রামের পর গ্রাম, শহরের পর শহর বিরান করে দেয়া হচ্ছে?

আজ কেন মুসলমানদেরকে তাদের ভূমি থেকে বিতাড়িত করা হচ্ছে?

আজ কেন আফগান থেকে কাশ্মির পর্যন্ত, ইরাক থেকে ফিলিস্তিন পর্যন্ত, চেচনিয়া থেকে উইঘুর পর্যন্ত, মায়ানমার থেকে আসাম পর্যন্ত, ইয়েমেন থেকে সিরিয়া পর্যন্ত অভিশপ্ত ইহুদী আর হিন্দু-বৌদ্ধ-খ্রিস্টান মালাউনরা পানির মত সস্তা মনে করে মুসলমানদের রক্ত প্রবাহিত করছে?

আবু গারীব কারাগারের ফাতেমা নূর থেকে নিয়ে মুসলিম নারী ড. আফিয়া সিদ্দিকী পর্যন্ত কেন আজ তাদের বর্বরতার শিকার হচ্ছে?

আজ কেন আমার মা-বোনকে ধর্ষণ করে তাদের স্তন কাটা হচ্ছে? তাদের লজ্জাস্থান বিকৃত করা হচ্ছে?

আজ কেন আমার মা-বোনের গর্ভে কুকুর, শূকর আর হায়েনাদের ভ্রূণ প্রস্ফূটিত হচ্ছে?

আজ কেন বোরকা পরিহিতা আমার বোনকে হত্যা করে বুকের উপর পা রেখে জারজ হারামীর বাচ্চারা কফি খাচ্ছে?

কেন আজ মুসলমানদেরকে পতঙ্গের ন্যায় আগুনে পুড়িয়ে কুফ্ফাররা আনন্দ উল্লাস করছে?

গুয়ান্তানামু বে থেকে বাগরাম জেল পর্যন্ত, কেল্লায়ে জঙ্গী থেকে শিবারগান জেল পর্যন্ত এবং সিআইএ এর গোপন কারাগার থেকে নিয়ে মোসাদ আর 'র' এর বন্দীশালা পর্যন্ত, রিমান্ডের নামে কেন আজ হাজারো মুসলিম নওজোয়ান আমেরিকা ও তাদের সাঙ্গ-পাঙ্গদের জুলুমের চাকায় নিষ্পেষিত হচ্ছে?

কী সেই কারণ, যার জন্যে মুসলমানদের প্রথম কেবলা 'বাইতুল মুকাদ্দাস' নাপাক ইহুদীরা যেদিন দখল করে, সেদিন বুক ফুলিয়ে গর্বভরে বলছিল, "মুহাম্মাদ তো চলে গেছে, কিছু রমণী রেখে গেছে!"?

ইউরোপ-আমেরিকার গৃহপালিত জানোয়ার ইসরাঈল আজ কেন, কোন্ সাহসে ট্যাংক ও স্থলবাহিনী দিয়ে ঘেরাও করে গাজাকে এক কয়েদখানায় পরিণত করেছে?

আজ যুদ্ধ-বিধ্বস্ত মুসলিম এলাকাগুলোর বাসিন্দাদের নিকট কুফ্ফারদের বিমান থেকে বর্ষিত বোমা ছাড়া খাবার মতো কিছুই নেই, সেখানকার মুসলমানরা একবেলা আহারের জন্য হারাম কুকুর-বিড়ালও পাচ্ছেনা, কেন?

কিসের জন্য আজ মুসলমানরা বানে ভেসে আসা খরকুটোর মতো?

কী তার কারণ? কেন এমন হচ্ছে?.........

আজ পাশ্চাত্যের পা-চাটা গোলাম, ৫৭টি দেশের মুসলিম শাসকরা কোথায়?

কেন আজ তারা অসহায় মুসলমানদের পাশে এসে দাঁড়াচ্ছে না? কেন তারা মুসলমানদের পক্ষে যুদ্ধের পতাকা উত্তোলন করছে না?

ইসলামের শুরু হতে আজ পর্যন্ত আব্দুল্লাহ ইবনে সাবা, হাকিম বিন জাবালাহ, আশতার মালিক, মুখতার ছাকাফী, হাসান বিন সাব্বাহ, ইবনে আলকমা, নাসীরুদ্দীন তুসী, ফাতেমী শিয়া, মীর জাফর, মীর সাদিক, ইয়াহিয়া খানের মতো মুনাফিকদের উত্তরসূরীদের খাতায় মুসলিম দেশের মুসলমান নামধারী শাসকবৃন্দ কেন আজ তাদের নাম লিখিয়েছে?

আজ পৃথিবীর কানায় কানায় মুসলমানদের লাশের উৎকট গন্ধ! দিকে দিকে মুসলমানদের বিভৎস লাশ আর জীবিতদের অর্ধমৃত-মানবেতর জীবন! এসব দেখেও কেন আজ বুক ফাটা কান্না আসে না?

এক মুসলমান মেয়ের ডাকে সিন্ধু বিজেতা মুসলিমের সন্তান পরিচয়দাতারা আজ ফাতেমা নূর, ড. আফিয়া সিদ্দিকী আর অন্যান্য শহীদানের ডাকে কেন ছটফট করে না?

এক খ্রিস্টান নারীর আহ্বানে স্পেন বিজয়ী মুসলমানের অনুসারীরা আজ ক্রুসেডীয় জুলুমের শিকার হাজারো বসতহীন মুসলিম বাচ্চাদের প্রতিরক্ষার জন্য কেন ময়দানে আসে না?

আজ কোথায় আড়াইশ কোটি মুসলমান? কোথায় তারা?...........

আজও কি জিহাদ 'ফরযে আঈন' হয়নি? এখনো কি প্রতিটি মুসলমানের বাচ্চার উপর জিহাদ ফরয হয়নি? আজও যদি না হয়, তাহলে আর কবে হবে?

আজ কোথায় দাওয়াত ও তাবলীগের মেহনতের সাথী ভাইরা?

কেন তারা ময়দানে আসে না? কেন তারা আজ দাওয়াতকেই 'সবচেয়ে বড় নবীওয়ালা কাম' মনে করে? কেন তারা আজ ময়দানে না এসে মসজিদে বসে থেকে জিহাদের ফাযায়েল তালাশ করে? কেন আজ তারা মুসলমানদের রক্ত ঝরানোকেই জিহাদ মনে করে?

বাতিল নয়, কেন তাদের লাঠি আজ উম্মতেরই মাথা ফাটাচ্ছে? কেন আজ তাদের তরবারি মুসলিম মায়ের বুককেই খালি করছে? কেন তারা আজও প্রকৃত দাওয়াতের দিকে ফিরে আসছে না? কেন তারা আজও 'অসৎ কাজের নিষেধ' করছে না?

কেন তারা আজও মসজিদে জিহাদের এলান করে না? কেন তারা আজও তালিমের হালকায় "ফাযায়েলে জিহাদ" পড়ে না? আজও কেন আপসে 'কিতাল ও শাহাদাতের' মুজাকারা হয়না? কেন আজও মাশোয়ারা মজলিসে জিহাদের পরামর্শ হয় না? আজও কেন আমাদের মুরুব্বীরা তিন চিল্লার তশকিল বাদ দিয়ে "আজীবন চিল্লা"র (হিজরতের) তশকিল করে না?

তাদের 'খুরুজ' কবে জিহাদের জন্যে হবে? তাদের 'গাশত' কবে অভিযানের রূপ নিবে? 'আড়াই ঘণ্টার মেহনত' শেষ হয়ে তাদের যিন্দেগী কবে জিহাদের জন্য ওয়াক্‌ফ হবে? তাদের 'ঈমান গড়ার মেহনত' কবে

শেষ হবে? তাদের ঈমান তাদেরকে কবে জিহাদের উপযুক্ত করবে? ‘মারকাজের পাহারাদারি’ কবে ‘মুসলিম ভূমির সীমানার পাহারাদারি’তে রূপ নিবে? তাদের হীম-শীতল রক্ত কবে কাফেরের বিরুদ্ধে বারুদে পরিণত হবে? তাদের হাতের লাকড়ি কবে মেশিনগান হয়ে কথা বলবে? তাদের পিঠের গাট্টিগুলো কবে ‘মাইনে’ পরিণত হবে? তাদের ছামানাগুলো কবে বোমা হয়ে বিস্ফোরিত হবে? তাদের চুলা গুলো থেকে কবে ‘প্রতিশোধের আগুন’ উত্থিত হবে? আর কতকাল তাদের জন্য ময়দান অপেক্ষায় থাকবে? আর কতদিন?

কোথায় আজ হক্কানী পীর সাহেবরা এবং তাদের মুরীদানরা?

কোথায় আজ খানকাহ্ওয়ালারা? কেন আজ তারা ঘরে বসে থেকে, এক ফোঁটা ঘামও না ঝরিয়ে, নিজেদেরকে ‘মুজাহিদে আকবর’ মনে করে?

তারা কোন্ বৈরাগ্য অবলম্বন করছে? জিহাদের চেয়ে বড় কোনো বৈরাগ্য আছে কি? তারা কোন্ ‘নফসের কুরবানী ও মুজাহাদা’ করে? জিহাদের চেয়ে বড় ‘নফসের কুরবানী ও মুজাহাদা’ আছে কি? তারা কোন্ খালওয়াত (একাকীত্ব) অবলম্বন করে? পাহাড়ের অন্ধকার গুহার চেয়ে সুন্দর খালওয়াত আর কোথাও পাবে কি?

তাদের খানকাহ্গুলো কবে দুর্গে পরিণত হবে? তাদের নিঃশব্দ যিকিরগুলো কবে গগনবিদারী রণহুঙ্কার হয়ে বাজবে? তাদের তসবিহগুলো কবে শহীদের লাশ গণনা করবে? তাদের অশ্রুসিক্ত জায়নামাযগুলো কবে বুকের তাজা রক্তে রঞ্জিত হবে? কবে তারা জাগবে? আর কবে?

আজ কোথায় মুসলিম নামধারী রাজনৈতিক দলের কর্মী ভাইয়েরা?

জিহাদের নামে যারা রাজপথ কাঁপায়, তারা কেন প্রকৃত জিহাদের জন্য ময়দানে ছুটে না? মঞ্চে যারা 'গণতন্ত্রের জয়গান' গায়, তারা কেন ময়দানে এসে তাকবীরে তাকবীরে আকাশ বাতাস মুখরিত করে না? মিছিলে যারা বাতিলের বিপক্ষে স্লোগান দিয়ে গলা ফাটায়, ময়দানে এসে বাতিলের বিরুদ্ধে কেন তারা অস্ত্র ধরে না? তাদের সভাগুলো থেকে এখনো কেন জিহাদের আওয়াজ ভেসে আসে না? বাতিল 'ভোটযুদ্ধ' বাদ দিয়ে কেন তারা হক 'সশস্ত্র জিহাদ' করে না? নাকি তারা মনে করে, তারা যা করছে, সেটিই একমাত্র জিহাদ, পৃথিবীতে আর কোনো জিহাদ নেই? কবে তাদের বোধোদয় হবে? আর কবে?

আজ কোথায় মিম্বরওয়ালারা?

তাদের মিম্বরে আজও কেন জিহাদের আযান শুনা যায় না? আজও কেন তাদের মিম্বরে নবীওয়ালা ইসলামের আলোচনা হয়না? সেখানে আজও কেন দাজ্জালের 'তাযকিরা' হয় না? তাদের মিম্বর থেকে কেন আজ ঈমানী জযবা জাগ্রত হয় না? কেন?

কোথায় আজ উম্মতের ওয়ায়েজ-বক্তারা?

কোন্ ইসলামের বয়ান তাদেরকে "আন্তর্জাতিক খ্যাতি" এনে দিয়েছে? যখন তারা মাইক কাঁপায়, তখন কেন তারা উম্মতকে জাগায় না? কোন্ ইসলাম তাদেরকে "আলেমে হক্কানী, পীরে কামেল" বানিয়েছে? কোন্ ইসলাম?

কোথায় আজ উম্মতের রাহ্‌বার, উলামা সমাজ?

মাদরাসাওয়ালারা আজ কোথায়? আজও কেন তারা নিশ্চুপ?

আহ্! কী আর বলবো তাদের কথা! কষ্টে যেন আজ বুক ফেটে যাচ্ছে, কলিজা বেরিয়ে আসছে! মুখ দিয়ে যেন আর কথা বের হতে চাচ্ছে না?

আজ আলেম সমাজ কেন মূক, বধির ও অন্ধ হয়ে চার দেয়ালের মাঝে বসে আছে?

আজ উম্মতের এই অবস্থার জন্য তাদেরকেই সবচেয়ে বেশি জবাবদিহি করতে হবে! তাদেরকে কি সেই জিনিস দেয়া হয়নি, যা দেয়া হয়েছিল নবী-রাসূলদেরকে? তাদেরকে কি সেই জিনিস দেয়া হয়নি, যা দেয়া হয়েছিল, সাহাবায়ে কেরামদেরকে? উম্মতের নেতৃত্ব কি তাদেরই দেয়ার কথা ছিল না? উম্মতের দুর্দিনে তাদেরই কি প্রথম এগিয়ে আসার কথা ছিল না? উম্মতের ব্যথায়, উম্মতের কষ্টে তাদেরই কি প্রথম অশ্রুপাত করার কথা ছিল না? তাদেরই কি প্রথম ময়দানে ঝাঁপিয়ে পড়ার কথা ছিল না? তাদেরই কি উম্মতের শ্রেষ্ঠ বীর হওয়ার কথা ছিল না?

উম্মতকে সঠিক ইসলামের সাথে পরিচয় করিয়ে দেয়ার দায়িত্ব কার? নবীওয়ালা এবং সাহাবাওয়ালা ইসলামের সাথে পরিচয় করিয়ে দেয়ার দায়িত্ব কার? উম্মতকে জিহাদের জন্য উদ্বুদ্ধ করার দায়িত্ব কার?

আহ্! কী হলো আজ আলেম সমাজের!..............

যে কুরআন সাহাবাদেরকে “বীরত্বের মুকুট” পরিয়েছিল, সেই কুরআনের বাহকরা কেন আজ “নারীত্বের মালা” গলায় ধারণ করে আছে?

যে কুরআন সাহাবায়ে কেরামকে “আল্লাহর সিংহ”, “আল্লাহর বাঘ” আর “আল্লাহর তরবারি” বানিয়েছিল, সেই কুরআনের বাহকরা কেন আজ “অণ্ডকোষবিহীন প্রাণী” হয়ে গিয়েছে?

যে কুরআন সাহাবাদেরকে ঘরে থাকতে দিত না, ময়দানে তাড়িয়ে নিয়ে যেত, সেই কুরআনের বাহকরা কেন আজ ‘অবলা গৃহবধূ’ হয়ে গিয়েছে?

যে কুরআন সাহাবাদেরকে “পারমাণবিক বোমা” বানিয়েছিল, সে কুরআনের বাহকরা কেন আজ একটা “ককটেল”ও হতে পারছে না?

কেন আজ কুরআন তাদের গলার নীচে নামছে না?

আজ তারা যাঁদের বর্ণিত হাদীস পড়ে, সেই সকল সাহাবীদের যিন্দেগী কেন দেখেনা?

সাহাবাদের এলেম যদি তাঁদেরকে যোদ্ধা বানায়, তাহলে এ যামানার আলেমদের এলেম কেন তাদেরকে “ভীরু-কাপুরুষ”, “জিহাদ বিরোধী” বানায়?

তারা কি আজ নিজেদেরকে সাহাবীদের চেয়ে বেশি আলেম মনে করে, বেশি হেকমতওয়ালা মনে করে, নাকি তারা মনে করে, সাহাবারা আলেম ছিলেন না, দ্বীন বুঝতেন না? নাকি সাহাবায়ে কেরাম তালীম-তরবীয়তের কাজ করতেন না?

তাহলে, কেন আজ তারা সাহাবাদের মতো গর্জে উঠে না, কেন আজ তারা বাকরুদ্ধ? কেন আজ তাদের মাঝে পৌরুষত্ব জেগে উঠে না? কেন আজ বাতিল তাদেরকে 'মশা-মাছি তুল্য' মনে করে?

কী তার কারণ? কেন এমন হচ্ছে?............

হ্যাঁ, হতে পারি আমি 'আঁদার ব্যাপারী', কিন্তু 'জাহাজের সওদাগররা' আজ কোথায়?

কেন তারা আজ নিজেদের ঈমান সস্তায় বিক্রি করে দিচ্ছে?

আজ কেন তারা ত্বগুত সরকারের তাবেদারি করছে? কেন তারা বাতিলের গোলামী করছে?

আজ কেন 'ক্বওমী শিক্ষা'র সরকারি স্বীকৃতির প্রয়োজন হচ্ছে?

আজ যে সকল মরদে মুজাহিদ উম্মতের জন্য নিজের বুকের রক্ত ঢেলে দিচ্ছে, আজ তাদেরকে কেন আলেমরাও 'জঙ্গী', 'সন্ত্রাসী' বলে গালি দিচ্ছে?

আজ কেন তারা 'দারুল হারব' কে 'দারুল আমান' ফতোয়া দিচ্ছে? "জিহাদ ফরযে আঈন হয়ে গিয়েছে"- কেন তারা এই ফতোয়া দিচ্ছে না?

আলেম সমাজ কী উম্মতের অবস্থা দেখছে না? অসহায় নারী-শিশু-বৃদ্ধদের আহাজারি আর আর্তনাদ কি তাদের কানে পৌঁছ্‌ছে না?

তারা কিসের অপেক্ষা করছে? তারা কার অপেক্ষা করছে? তারা কোন্ দিনের অপেক্ষা করছে? তারা কি সেদিন "জিহাদ ফরযে আঈন" ফতোয়া দিবে, যেদিন তাদের চোখের সামনে তাদের স্ত্রীদেরকে গণধর্ষণ করা হবে?

নাকি, যেদিন তাদের চোখের সামনে তাদের কন্যাকে বে-ইজ্জতি করা হবে? যেদিন তাদের মায়েদের স্তন কাটা হবে? যেদিন তাদের কোলের শিশুকে পায়ের নিচে পিষ্ট করে হত্যা করা হবে? যেদিন তাদের দুধের শিশুকে আগুনে নিক্ষেপ করা হবে? যেদিন তাদের মাদরাসাগুলোকে তালাবদ্ধ করে দেয়া হবে? যেদিন তাদেরকে পাইকারী হারে হত্যা করা হবে? যেদিন তাদেরকে আবারো গাছে ঝুলানো হবে? সেদিন?

মাদরাসাগুলোকে কুফ্‌ফার সরকারের কাছে 'জঙ্গীমুক্ত' হিসেবে পরিচয় দিতে কেন আজ এত ব্যস্ততা? আজ কেন তারা জিহাদের বিরুদ্ধে অবস্থান নিয়েছে? কেন আজ পৃথিবী থেকে জিহাদকে বিদায় জানানোর জন্য "জিহাদ বিরোধী" ফতোয়ায় লাখো মুফতী (?) সাক্ষর করছে? কেন আজ তারা এ.সি রুমে বসে, পোলাও-কোরমা-বিরিয়ানী খেয়ে, তপ্ত ময়দানের "না খেতে পাওয়া" আমার ক্ষুধার্ত জানবাজ মুজাহিদ ভাইদের বিরুদ্ধে ফতোয়াবাজী করছে? কিসে তাদেরকে এমনটি করতে বাধ্য করছে? কেন তারা ন্যাক্কারজনক এইসব ফতোয়া দিয়ে তৃপ্তিবোধ করছে?

এসব নষ্ট ফতোয়াবাজী করে আজ তারা কিসের দায়মুক্ত হতে চায়? এসব করে তারা কাকে সন্তুষ্ট করতে চায়? আল্লাহ, তাঁর রাসূল ﷺ এবং একনিষ্ঠ মুমিনগণ এই সব কুলাঙ্গারদের কক্ষনো মেনে নিবেন না! এদের উপর কক্ষনো সন্তুষ্ট হবেন না! কস্মিনকালেও না!

মুজাহিদরা কেন? কেন তাদের কলম আজ বাতিলের বিরুদ্ধে চলে না? আজ কেন তাদের কলম সরকারের বিরুদ্ধে মুখ খোলে না? নারী নেতৃত্বের বিরুদ্ধে কেন তারা কথা বলে না? তাদের পৌরুষত্ব কেন নারী নেতৃত্বের মসনদকে গুড়িয়ে দেয় না?

আজ কোন্ হেকমতের কারণে আলেমকুল শিরোমণি ‘হাজারো আলেমের রক্তে রঞ্জিত’ নারী নেত্রীর হাতে হাত মিলিয়ে মুসাফাহা করে?

আজ কেন ‘ত্বগুত কন্যা’কে ‘কওমী জননী’ উপাধি দেয়া হচ্ছে? এই শিক্ষা কোন্ ইসলামের? এই শিক্ষা কোন্ কুরআনের? এই শিক্ষা কোন্ হাদীসের?

আজ কেন মুশরিকদেরকেও ‘কাফের’ বলতে আলেম সমাজ লজ্জা (!) পাচ্ছে? নাস্তিককে নাস্তিক বলতে আলেম সমাজ ভয় (!) পাচ্ছে? কেন তারা সমাজে নাস্তিক-মুরতাদ খোঁজে পাচ্ছে না? তারা চোখে কোন্ চশমা পরে আছে? আজ কেন তারা হককে ‘বাতিল’ বলে সম্বোধন করছে? কেন? তারা কার অনুসরণ করছে? তারা কোন ইসলামকে আঁকড়ে ধরে আছে? তারা কোন্ রাসূলের ওয়ারিশ? তারা কোন্ নবীর নায়েব? তারা কোন্ খুলাফায়ে রাশেদার খলীফা?

তাহলে, এটাই কি সেই জামানা যার সম্পর্কে হাদীসে বলা হয়েছে, “তখন আলেমরা হবে আসমানের নীচে ও জমিনের উপরে সবচেয়ে নিকৃষ্ট”?

যদি তাই না হবে, ‘দ্বীন প্রতিষ্ঠা ও ইসলামী রাজনীতি’র নামে আজ কেন ‘আলেম সমাজ’ জিহাদ বাদ দিয়ে কুফুরী ও ভ্রান্ত পন্থা অবলম্বন করছে? কেন তারা আজ ‘ইসলামী গণতন্ত্রের’ নামে পতিতা পশ্চিমা জাতির ‘নষ্ট দুধ’ গোগ্রাসে পান করছে? কেন? কেন?

আজ আমার মুখের লাগাম খুলে গিয়েছে! আজ কেউ আমার যবান ধরে রাখতে পারবে না! আজ আমি বিদ্রোহী! বাতিল ও তার গোলামদের জন্য আজ আমি অভিশাপ! আজ আমি সর্বত্র ‘দ্রোহের ঝাণ্ডা’ উড্ডয়ন করেছি!

আজ আমি তাদের মনগড়া, স্ব-রচিত, নব্য ইসলামের বিরদ্ধে বিদ্রোহ ঘোষণা করছি! আজ আমি তাদের শান্তিপূর্ণ (!), ভ্রান্ত, আধুনিক ইসলামের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করছি!

যে ইসলাম বাতিলের সামনে মাথা উঁচু করে দাঁড়াতে শিখায় না, যে ইসলাম 'দিগ্বিজয়ী সিপাহসালার' তৈরি করে না, পক্ষান্তরে যে ইসলাম ঘরকুনো 'কাপুরুষে'র জন্ম দেয়, উম্মতকে খোজা (Castrated) করে দেয়, আমার বিদ্রোহ আজ সে ইসলামের বিরুদ্ধে!

দিকে দিকে 'ঈমানের কেল্লাগুলোতে' আজ আমি সেই ইসলামের নিশান উত্তোলন করছি, যে ইসলাম সাহাবাদেরকে শিখিয়েছিলেন স্বয়ং নবীজী ﷺ! আজ আমি সেই ইসলামের গানই গাইব, যে ইসলামকে পরম মমতায় বুকে আগলে রেখেছিলেন সাহাবায়ে কেরামগণ!

না, আজ আমার যবান থেকে 'গীত' নয়, অনল বর্ষিত হবে। আজ আমার কলম 'তরবারি' হয়ে 'উন্মত্ত খুনের পয়গাম' রচনা করে যাবে! আজ আমার দেহের প্রতিটি শিরা-উপশিরায় রক্ত নয়, আগুন বইছে! আজ আমার অস্তিমজ্জা 'রক্তকণিকা' নয়, 'অগ্নিস্ফূলিঙ্গ' তৈরি করছে! আজ আমি লেলিহান অগ্নিশিখা প্রজ্জ্বলন করেছি, যা প্রতিশোধের দাবানল হয়ে সমস্ত বাতিল, তাবেদারদের শিবির জ্বালিয়ে-পুড়িয়ে ছারখার করে দিবে। আজ আমি আল্লাহ ছাড়া আর কাউকে ভয় করবো না, কারো শক্তি কিংবা ক্ষমতার পরোয়া করবো না, কারো রক্ত-চক্ষুকে তোয়াক্কা করবো না! আজ কেউ না আসুক, আমি একাই লড়ব! সারা দুনিয়ার ত্বগুতের বিরুদ্ধে আমি একাই জিহাদ করব! আমি জানাজা চাই না, কাফন-দাফন চাইনা, আজ আমি শাহাদাত চাই! ইসলাম মিটে যাওয়ার আগে আমিই মিটে যেতে চাই!.....

কী হবে এ জীবন দিয়ে, কী হবে আর বেঁচে থেকে! আজ কোনো আলেম কিংবা কোনো যালেম, কেউই আমাকে ফিরাতে পারবে না! আল্লাহ, তার রাসূল ﷺ এবং “উম্মতে মুহাম্মাদী”র জন্য আমার জান কুরবান! যেদিকে তাকাই সেদিকেই উম্মতের এ হালত দেখে, যেদিকেই কর্ণপাত করি, সেদিক হতেই উম্মতের আর্তনাদ শুনে, আজ আমি প্রচণ্ড ক্ষেপে গিয়েছি, তাই মুখে যা আসবে তাই বলে যাবো, কেউ বাধা দিবেন না! আজ কেউই আমার গলা টিপে ধরতে পারবেন না!.........

যারা প্রকৃতঅর্থে “আহলে হক” উলামায়ে কেরাম, যাদের যিন্দেগী আমার রাসূলের ﷺ যিন্দেগীর সাথে মিলে, যাদের যিন্দেগী সাহাবাদের যিন্দেগীর মতো, উম্মতের সেই সকল গোরাবা (অপরিচিত) আলেমদের জন্য আমার পিতা-মাতা কুরবান হোক! আমি তাদের ক্রীতদাস, ইচ্ছা করলে তারা আমাকে গোলাম বানিয়ে রাখবে, নতুবা আযাদ করে দিবে। আমি তাদের জুতা বহন করে দিবো, তাদের জুতা সোজা করে দিবো। তাদের পায়ের জুতাকে আমার মাথার টুপি বানিয়ে রাখবো। তাদের জন্য আমার জীবন দিয়ে দিবো। আমাকে মাফ করবেন, এতক্ষণ আমি যা বলেছি তা আপনাদের উদ্দেশ্যে নয়।

কিন্তু আজ উম্মতের আলেম সমাজের অধিকাংশের অবস্থা দেখে ক্ষোভে, কষ্টে মনে হয় দেয়ালের সাথে মাথা ঠুকরে নিজেকে নিঃশেষ করে ফেলি! এসব দেখার জন্যই কি আমার মা আমাকে জন্ম দিয়েছিল? এসব শুনার জন্যই কি আমাকে সৃষ্টি করা হয়েছিল? আহ্! এসবের শেষ কবে হবে? আর কতদিন এসব দেখতে হবে? কবে উম্মত সঠিক পথে ফিরে আসবে? সঠিক দ্বীনের পতাকা উম্মত কবে উত্তোলন করবে?..........

না, আমি আজ মুসলমানদের উপর আক্রমণকারী অমুসলিমদের গালমন্দ করব না। কেননা, তারা তো অবুঝ! বরং আমি তাদের জন্য দুআ করব। তাদেরকে জাহান্নামে পাঠিয়ে আমি পৈশাচিক আনন্দ করতে ইচ্ছুক নই। দুনিয়া থেকে সকল কুফ্ফার শক্তিকে ধ্বংস করলেই আমার কাজ শেষ হয়ে গেল না।

আমার নবীর সামনে দিয়ে এক ইহুদীর লাশ নিয়ে যাওয়া হচ্ছিল। তা দেখে আমার রহমতের নবী ﷺ চিৎকার করে কেঁদে উঠলেন। সাহাবায়ে কেরাম বললেন, হযরত! এ তো একজন ইহুদীর লাশ! দয়াল নবী ﷺ বললেন, আরে আমি বেঁচে আছি আর আমার সামনে দিয়ে একজন মানুষ চিরদিনের জন্য জাহান্নামে যাচ্ছে, আমি কিভাবে সহ্য করব?

আহ্! আজ আমাদের কী হলো! ওদেরকে পথ দেখানোর জন্যই তো আমাদেরকে সৃষ্টি করা হয়েছিল। আমরা মুসলমানরাই গালমন্দ পাওয়ার অধিক উপযুক্ত। আজ যা আমাদের উপর ঘটছে, তা আমাদেরই দুই হাতের কামাই। আজ আমাদের উপর যা আযাব ও গযব বর্ষিত হচ্ছে তার কারণ একটাই। নবীওয়ালা দ্বীন আর সাহাবাওয়ালা যিন্দেগী আমাদের মাঝে না থাকা, দ্বীন ইসলামের রূহ আমাদের মাঝে না থাকা। আমাদের মন্দ আমলের কারণেই আজ আমাদের উপর আযাব নেমে এসেছে!!!

ব্যথার ঔষধ

যাই হোক, এখন আপনাদের সামনে এমন কিছু বিষয় তুলে ধরবো, যেগুলো মুমিনের হারানো সম্পদ। যেগুলোর আলোচনা ও চর্চা উম্মতের সাধারণ ও বিশেষ সকল শ্রেণির মাঝখান থেকে উঠে গেছে। অথচ এই ইল্‌ম্ই আসল ইল্‌ম, এই ঈমানী জযবাই আসল ঈমান, যা সাহাবায়ে কেরাম রদিয়াল্লহু আনহুম আযমাঈনগণ কালেমা পড়ে ঈমান আনার পর সর্বাগ্রে হাছিল করতেন।

সাহাবায়ে কেরাম রাযিয়াল্লহু আনহুম আযমাঈনদের মাঝে নিম্নোক্ত বৈশিষ্ট্যগুলো থাকার কারণে অন্য সকল উম্মত থেকে তাঁরা ছিলেন আলাদা এবং অতি উচ্চ মর্যাদার অধিকারী। ***‘ইসলামের রূহ’*** বলতে মূলত এই গুণগুলোকেই বুঝায়।

গুণগুলো হলোঃ

১. আল্লাহ, তাঁর রাসূলকে এবং তাঁর রাহে জিহাদ করাকে সর্বাধিক মহব্বত করা
২. আল্লাহ তাআলার পর অন্য কাউকে ভয় বা তোয়াক্কা না করা
৩. দুনিয়ার শেষ অংশটুকুও আল্লাহ তাআলার জন্য ত্যাগ করা
৪. মৃত্যুকে কোনো অবস্থাতেই ভয় না পাওয়া
৫. গুনাহমুক্ত যিন্দেগী গঠন করা
৬. বিশেষ কয়েকটি আমলের বেশি বেশি এহতেমাম করা।

পরবর্তী আলোচনা হতে ইন্‌শাআল্লাহ একথা স্পষ্ট হবে যে, এই গুণগুলো যার মধ্যে পাওয়া যাবে তার যিন্দেগী নিঃসন্দেহে নবীওয়ালা/সাহাবাওয়ালা হবে। বর্তমানে আমাদের সমাজে ছয় নং গুণটিরই কেবল এহতেমাম করা হয়। অথচ, প্রথম পাঁচটি গুণই একজন মুসলমানের জন্য আসল গুণ। প্রথম পাঁচটি গুণ যার মধ্যে পাওয়া যাবে, তার জন্য পুরো ইসলামকে শতভাগ মান্য করা একদম সহজ হয়ে যাবে। একটু চিন্তা করলেই বুঝা যায়, আজ এই গুণগুলোর অভাবেই উম্মত নেতৃত্বহীন, অভিভাবকহীন হয়ে সব জায়গায় কুফ্‌ফারদের মার খাচ্ছে, তাদের যুলুম অত্যাচারের শিকার হচ্ছে।

আজ উম্মত কেন অলসতার যিন্দেগী যাপন করছে? আজ উম্মত কেন জিহাদ পরিত্যাগ করেছে? যে উম্মত একসময় সারা বিশ্বকে নেতৃত্ব দিয়েছে, যে উম্মত একসময় সমস্ত বিজাতীয়দের রাহ্‌বারী করেছে, সে উম্মতকে কেন পিছনে ঠেলে অন্যরা তার জায়গা দখল করে নিয়েছে? একটু চিন্তা করুন, আর কোনো কারণ নেই। এই ছয়টি গুণ যেদিন থেকে উম্মতের মধ্য হতে বিদায় নিয়েছে, সেদিন থেকেই উম্মতের ধ্বংস শুরু হয়েছে। এটিই নবুয়তের যামানার সেই *"অপরিচিত ইসলাম"*, আমরা যাকে ভুলে গিয়েছি, আমরা যে ইসলামের চর্চা বাদ দিয়ে কিছু রুসুম-রেওয়াজী ইসলামের গোলক ধাঁধায় ঘুরপাক খাচ্ছি। যেই ইসলাম সম্পর্কে প্রিয় নবীজী রাসূলুল্লাহ এর একটি বিখ্যাত হাদীস, **"ইসলাম শুরুতে অপরিচিত (গরীব) ছিলো, আবার খুব শীঘ্রই অপরিচিত (গরীব) হয়ে যাবে যেমন শুরুতে ছিলো। সে সময় সুসংবাদ তাদের জন্য যারা অপরিচিত (গোরাবা) থাকবে।"** [সহীহ মুসলিম, ১/১৩০ (২৩২)]।

অর্থাৎ শেষ যামানায়ও কিছু মানুষ সেই অপরিচিত ইসলামকে চিনতে পারবে। সেই ইসলামকে আঁকড়ে ধরে রাখবে। সেই নবীওয়ালা এবং সাহাবাওয়ালা যিন্দেগীকে তারা নিজেদের যিন্দেগী বানাবে। আর তাদের জন্যই খোশখবরী!

আমি এ গুণগুলোকে নাম দিয়েছি 'নবুয়তের যামানার ছয় নম্বর বা ছয় ছীফত', মেহনত করে যেই গুণগুলোকে হাছিল করতে পারলে পরিপূর্ণ নবুয়তী যিন্দেগী বা সাহাবাওয়ালা যিন্দেগী হাছিল করা সহজ হবে।

যে মুমিনের মাঝে এই ছয়টি গুণ পাওয়া যাবে, সে দুনিয়ার তাবৎ কুফুরি শক্তির জন্য এক মহা আযাব এবং ভয়াবহ যমদূত হিসেবে আবির্ভূত হবে, সন্দেহ নেই। এই ছয়টি গুণ যার মধ্যে আছে, তার কাছে বাতিলের সমস্ত সামরিক ও আণবিক শক্তি মশা বা মাছির ডানার মতো মনে হবে। যার মধ্যে এই গুণগুলো নেই এমন মুসলমান দ্বারা যদি আসমান যমীন ভরেও যায়, তবুও ত্বগুতের মসনদ এতটুকুও নড়বে-চড়বে না। অন্যদিকে পৃথিবীর কোনো এক প্রান্তে যদি এমন একজন মুসলমানও পাওয়া যায় যার মাঝে এই ছয়টি গুণ আছে, সারা দুনিয়ার ত্বগুতী শক্তির ঘুম হারাম হয়ে যাবে, তাকে পাওয়ার জন্য, তাকে খুঁজে বের করার জন্য বা তাকে হত্যা করার জন্য হাজারো মুমিনকে বন্দী করবে, আরো লাখো মুসলিমের রক্ত ঝরাবে।

ওহে মুসলিম জাতি! তোমাদের চিন্তার কোনোই কারণ নেই। তোমরা শুধু একটু মেহনত করে এই গুণগুলোকে হাসিল কর। আল্লাহ তাআলার সাহায্য অতি নিকটবর্তী। আল্লাহ তাআলা আবারো তোমাদের হাতে দুনিয়ার নেতৃত্ব ও খিলাফত তুলে দিবেন। অপমান ও লাঞ্ছনার যিন্দেগী হতে তিনি তোমাদেরকে মুক্ত করবেন। কুফ্‌ফারদেরকে তোমাদের কদম-দাস বানাবেন। তোমাদের হাতে সারা দুনিয়ার বাতিলকে মিটিয়ে দিবেন। তাই দ্রুত কদম দাও। আগে বাড়। আল্লাহ তাআলা আমাদের সকলকে তাঁর দ্বীনের জন্য কবুল করুন। আমীন।

প্রথম গুণ

আল্লাহ, তাঁর রাসূল ও তাঁর রাহে জিহাদ করাকে সর্বাধিক মহব্বত করা

০১. আল্লাহ, তাঁর রাসূল ﷺ ও তাঁর রাহে জিহাদ করাকে সর্বাধিক মহব্বত করা

কুরআন কারীমে আল্লাহ তাআলা ইরশাদ করেন, آمِنُواْ كَمَآ آمَنَ ٱلنَّاسُ অর্থাৎ "তোমরা সাহাবায়ে কেরামের মত ঈমান আন।" (২ সূরা বাকারা: ১৩)। একই সূরার আরেক জায়গায় আল্লাহ তাআলা ইরশাদ করেন, فَإِنْ آمَنُواْ بِمِثْلِ مَآ آمَنتُم بِهِ فَقَدِ ٱهْتَدَواْ অর্থাৎ "এরা (মানুষেরা) যদি তোমাদের (সাহাবাদের) মত ঈমান আনত, তাহলে তারা অবশ্যই সঠিক পথ পেতো।"(২ সূরা বাকারা: ১৩৭)। অন্যদিকে সাহাবায়ে কেরামও বলতেন, "আমরা আমাদের নবীজী ﷺ-এর সাথে ছিলাম। তাই আমরা কুরআন শিখার আগে ঈমান শিখেছি। তারপর আমরা কুরআন শিখেছি। আর এভাবে আমাদের ঈমান আরো বৃদ্ধি পেয়েছে।" এই আলোচনা হতে কয়েকটি প্রশ্নের উদ্ভব হয়, যথা-

- ক. ঈমান কী?
- খ. আমাদের ঈমান কতটুকু হলে আমরা বুঝব যে, আমাদের ঈমান সাহাবাদের ঈমানের স্ট্যান্ডার্ডের হয়েছে?
- গ. 'কুরআন' মানেই ঈমানের গ্রন্থ, কিন্তু সাহাবায়ে কেরাম কুরআন শিখার আগে কোন্ ঈমান শিখেছেন?
- ঘ. কুরআন তিলাওয়াতের দ্বারা ঈমান বৃদ্ধি পায়, সন্দেহ নেই। কিন্তু কুরআনের দ্বারা ঈমান বৃদ্ধি পাওয়ার পূর্বশর্ত হিসেবে আমাদের কোন্ ঈমান হাসিল করতে হবে বা কতটুকু ঈমান হাসিল করতে

হবে, যা থাকলে কুরআন তিলাওয়াত আমার জন্য উপকারী হবে, ঈমান বৃদ্ধির কারণ হবে?

এবার চলুন প্রশ্নগুলোর উত্তরে যাওয়া যাক।

প্রথম প্রশ্নের উত্তর:

ঈমান কী? ঈমান একটি ব্যাপক বিষয়। ঈমানের ৭৭টি শাখা রয়েছে। ঈমান মূলত এই ৭৭ টি শাখার সম্মিলিত রূপ। এগুলোর মাঝে ৩০টি কাজ এমন রয়েছে যা দীল দ্বারা সম্পন্ন হয়, ০৭ টি কাজ জবান দ্বারা সম্পন্ন হয় এবং ৪০টি কাজ এমন রয়েছে যা অঙ্গপ্রত্যঙ্গ দ্বারা সম্পন্ন হয়। এগুলো সম্পর্কে আকাঈদের কিতাবসমূহে বিস্তারিত পাওয়া যাবে। যে মুমিন ৭৭টি কাজ সমাধা করবে সে পরিপূর্ণ ঈমানদার। আর যার মাঝে যতগুলো শাখা অনুপস্থিত সে তুলনামূলক তত দুর্বল ঈমানদার। সাহাবায়ে কেরামের মাঝে ৭৭ টি শাখাই পরিপূর্ণরূপে বিদ্যমান ছিল।

বাকী (খ-ঘ) সবগুলো প্রশ্নের উত্তর:

কালেমা পড়ে মুসলমান হওয়ার পর, সাহাবায়ে কেরাম কুরআন শিখার আগে যে ঈমান শিখেছেন, তা ঈমানের ৭৭টি শাখার মধ্যে নিম্নোক্ত গুরুত্বপূর্ণ শাখাসমূহ, সেগুলো হলো-

ক. আল্লাহকে সবচেয়ে বেশি মহব্বত করা

খ. আল্লাহ তাআলার পর রাসূলুল্লাহ ﷺ কে সবচেয়ে বেশি মহব্বত করা

গ. আল্লাহ তাআলাকে সবচেয়ে বেশি ভয় করা। আল্লাহ তাআলার পর অন্য কাউকে বা অন্য কিছুকে ভয় বা তোয়াক্কা না করা।

ঘ. মৃত্যুকে ভয় না পাওয়া, বরং মৃত্যুকে ভালোবাসতে শিখা। আখিরাতের স্মরণ দীলের মাঝে পয়দা করা।

ঙ. আল্লাহর রাস্তায় জিহাদ করাকে ভালোবাসা।

চ. দুনিয়াত্যাগী (যুহদ) যিন্দেগী গঠন করা।

অন্যান্য উম্মতের উপর সাহাবায়ে কেরামের শ্রেষ্ঠত্ব মূলত দুই কারণে,

ক. তাঁরা দুনিয়াকে পুরোপুরি ছাড়তে পেরেছিলেন

খ. তাঁদের অন্তরে আখিরাতের স্মরণ সর্বদা জাগরুক থাকতো

উপর্যুক্ত ছিফতগুলো অর্জিত হয়ে গেলে ঈমানের বাকি সকল শাখা এবং আমলসমূহ করা একদম সহজ হয়ে যায়।

এক কথায় সাহাবায়ে কেরাম কলেমা পড়ে ঈমান আনার পর, নবীজী ﷺ-কে দেখে দেখে নবীওয়ালা যিন্দেগী কিভাবে গড়তে হবে তা শিক্ষা করেছেন। সর্বপ্রথম নবীওয়ালা মেজাজ গড়েছেন। এরপর তারা কুরআন শিখেছেন, ইলম হাছিল করেছেন। এই ইলম তখন তাঁদের আরো উন্নতি সাধন করেছে। আল্লাহ তাআলার নৈকট্য লাভ করাকে সহজ করেছে। আল্লাহ ও তাঁর রাসূলের মহব্বতকে আরো বৃদ্ধি করেছে।

যাইহোক, একবার নবীজী ﷺ হযরত উমর রাযিয়াল্লহু আনহুকে জিজ্ঞাসা করলেন, উমর! তুমি আমাকে কেমন ভালোবাস? হযরত উমর রাযিয়াল্লহু আনহু জবাব দিলেন, ‘আমি আপনাকে সবার চেয়ে ভালোবাসি, তবে নিজের চেয়ে নয়।’‘উহু হলো না, তুমি এখনো প্রকৃত মুমিন হতে পারোনি।’ এরপর উমর রাযিয়াল্লহু আনহু সময় নিয়ে চিন্তা-ভাবনা করে জওয়াব দিলেন, ‘আমি আপনাকে আমার জীবনের চেয়েও বেশি

ভালোবাসি।' তখন নবীজী ﷺ বললেন, উমর, এইবার (ঠিক আছে, তুমি প্রকৃত অর্থে মুমিন হলে।)!

নবীজী ﷺ ইরশাদ করেন,"মানুষ যে পর্যন্ত আল্লাহ ও রাসূলকে অপরাপর সকল কিছু থেকে অধিক ভালোবাসতে না পারবে, সে পর্যন্ত তার ঈমান দৃঢ় হবে না।"

তিনি আরো ইরশাদ করেন,"আল্লাহ ও তাঁর রাসূলকে সব থেকে বেশি ভালোবাসার নামই হচ্ছে ঈমান।"

সাহাবায়ে কেরাম রাযিয়াল্লহু আনহুমদের দীলের মাঝে আল্লাহ ও তাঁর হাবীবের মহব্বত এই পরিমাণ ছিল যে, তাঁরা নিজের সমস্ত কিছুর চেয়ে এমনকি নিজের জীবনের চেয়েও লক্ষ কোটি গুণ মহব্বত করতেন, নিজের স্ত্রী-সন্তানসন্ততি, দুনিয়ার ভোগ বিলাস এগুলোতো বহু দূরের কথা!

একবার এক সাহাবী জিজ্ঞাসা করলেন, হুযুর! কিয়ামত কবে হবে? নবীজী ﷺ বললেন, কিয়ামতের জন্য তুমি কী প্রস্তুতি গ্রহণ করেছ যে কিয়ামতের জন্য তাড়াহুড়া করছ? ঐ সাহাবী রাযিয়াল্লহু আনহু বললেন, আমিতো (নফল) নামায-রোযা তেমন কিছু করি নাই, তবে আমি আল্লাহ ও তাঁর রাসূলকে ভালোবাসি। তখন নবীজী ﷺ ইরশাদ করেন, 'তাহলে তুমি কিয়ামতের দিন তার সাথেই থাকবে, যাকে তুমি সবচেয়ে বেশি মহব্বত করবে।'

একথা শুনে সাহাবায়ে কেরাম যেই পরিমান খুশি হয়েছিলেন, অন্য কোনো হাদীস শুনে তারা এতটা খুশী হননি। কেননা তাঁরা আল্লাহ ও তাঁর রাসূলকে এতটাই মহব্বত করতেন যে, তাঁরা আল্লাহর রাসূল ﷺ -কে এক মুহূর্ত না দেখলে অস্থির হয়ে যেতেন, তাঁদের কাছে সবচেয়ে দামী আমল

ছিল আল্লাহ ও তাঁর রাসূলের মহব্বত। ক্ষুধার্ত অবস্থায় সাক্ষাৎ করলে মহব্বতের আতিশয্যে তাদের ক্ষুধা নিবারিত হয়ে যেত। এত মহব্বতের কারণে তাঁদের মাঝে একটি ভয় কাজ করছিল। নবীজী ﷺ-তো জান্নাতের সর্বোচ্চ মাকামে থাকবেন। অন্যদিকে কোনো উম্মততো এই মাকাম হাসিল করতে পারবে না। তার মানে, মৃত্যুর পর কি আর আমরা আল্লাহর হাবীবের ﷺ সাহচর্যে থাকতে পারবো না? এখনতো যখন ইচ্ছা হয় দৌঁড়ে দরবারে নববীতে চলে যেতে পারি! হায়, মৃত্যুর পর এই বিচ্ছেদ আমরা কিভাবে সইব? তাই যখন তাঁরা শুনলেন, যার সাথে সবচেয়ে বেশি মহব্বত রাখা হবে, তার সাথেই হাশরের ময়দানে ও জান্নাতে অবস্থান হবে, তখন সাহাবায়ে কেরামের মাঝে যেন নতুন জীবন ফিরে এলো। কেননা তাঁরা জানতেন, আল্লাহ ও তার হাবীবের তুলনায় অধিক মহব্বত তাঁরা অন্য কোনো কিছুকে বা কাউকেই করতেন না। সুতরাং মৃত্যুর পর আল্লাহ ও তাঁর হাবীবই হবেন আমাদের চিরসঙ্গী! যে ব্যক্তি আল্লাহর রাসূল ﷺ-কে মহব্বত করতে শিখবে, তাঁর দিলে স্বয়ংক্রিয়ভাবেই আল্লাহর পরিচয়, মহব্বত এবং ভয় পয়দা হবে। আর আল্লাহ ﷻ ও তার হাবীবের ﷺ মহব্বত দীলের মাঝে উৎপন্ন হওয়ার একইসাথে কারণ ও ফলাফল হলো- "আল্লাহর রাসূলের পূর্ণ আনুগত্য তথা সুন্নতের পরিপূর্ণ অনুসরণ, আল্লাহর রাসূলের যিন্দেগীকে সামনে রেখে আগে বাড়া, গুনাহমুক্ত হয়ে আল্লাহর হুকুমের সামনে নিজেকে সপে দেয়া এবং আল্লাহ ও তাঁর রাসূলের মারেফাত তথা পরিচয় লাভ করা।"

হযরত ইমাম গায্যালি রাহিমাহুল্লাহ বলেন, অন্তরে আল্লাহ তাআলার মহব্বত বৃদ্ধির উপায় তিনটি:

১. দুনিয়াকে ছাড়া তথা, দুনিয়ার মহব্বত দীল হতে বের করা।
২. আল্লাহ তাআলার গুণাবলি নিয়ে বেশি বেশি চিন্তা করা।
৩. ইবাদত বন্দেগী যেমন: নামায, তিলাওয়াত ও যিকির ইত্যাদি বেশি বেশি করা। (কিমিয়ায়ে সাআদাত, খ. ৪, পৃ. ৩৭৫)

প্রিয় নবীজী ﷺ-এর মহব্বত দীলের মাঝে উৎপন্ন হওয়ার উপায়ও মূলত তিনটি:

১. বেশি বেশি সীরাত পাঠ করা
২. বেশি বেশি দরূদ শরীফ পড়া
৩. বেশি বেশি সুন্নতের অনুসরণ করা

সাহাবায়ে কেরামের মাঝে আল্লাহ ও তাঁর রাসূলের মারেফাত ও মহব্বত এবং আল্লাহর ভয় যেরকম থাকার দরকার ছিল সেরকমই ছিল বিধায়, তাঁদের ছোট্ট একটি আমলের ওজন আমাদের যিন্দেগীর সকল বড় বড় আমলগুলোকে একত্র করলেও তার চেয়ে বেশি হবে।

এখন প্রশ্ন হলো, আমার হৃদয়ে আল্লাহ তাআলা ও তাঁর রাসূলের মহব্বত সকল কিছুর চেয়ে বেশি, এমনকি নিজের জীবনের চেয়েও বেশি আছে কিনা বুঝব কিভাবে? এর জন্য কোনো মাপকাঠি আছে কি? আমি অনেক আমল করতে পারি, সারারাত তাহাজ্জুদ, সারা বছর রোযা রাখতে পারি, আমি অনেক বড় আবেদ বা আলেম, এটাই কি মহব্বত বেশি

হওয়ার আলামত? এটাই কি আল্লাহর ভয় থাকা, প্রকৃত মুত্তাকী হওয়ার দলীল?

না, কক্ষনো নয়।

“নিজের জীবনের চেয়ে বেশি ভালোবাসার” অর্থই হচ্ছে “আল্লাহ ও তাঁর রাসূল ﷺ যখনই আমার জীবন চাইবেন, তখনই আমি আমার জীবন দিতে প্রস্তুত আছি।” সুতরাং এই ভালোবাসা প্রমাণের একমাত্র মাপকাঠি হচ্ছে, “আমি আল্লাহ ﷻ ও তাঁর রাসূলের ﷺ জন্য এখনি এই মুহূর্তে জীবন দিতে তৈয়ার আছি কিনা। আল্লাহ ﷻ ও তাঁর হাবীবের ﷺ দরবারে আমার জীবনকে কুরবানি করতে সর্বদা প্রস্তুত আছি কিনা। আমার দেহের লোমকূপ সংখ্যক যদি জীবন থাকত, তার সবগুলোকেই আল্লাহ ﷻ, তাঁর রাসূল ﷺ ও তাঁর দ্বীন কায়েমের জন্য আল্লাহর রাস্তায় দিয়ে দিতে পরিপূর্ণ প্রস্তুত কিনা। আমার মাঝে আল্লাহর রাস্তায় মৃত্যু তথা শাহাদাতের সত্য তামান্না আছে কিনা। আল্লাহ ﷻ ও তাঁর রাসূলের জন্য এই মুহূর্তে আমার আপনজন, দুনিয়া ও দুনিয়ার সব কিছু ছাড়তে রাজী আছি কিনা। ঘরে আল্লাহ ﷻ ও তাঁর রাসূল ﷺ-কে রেখে আমার সবকিছু আল্লাহর রাস্তায় ব্যয় করতে প্রস্তুত আছি কিনা। জিহাদের জন্য আমি সত্যিকার অর্থে প্রস্তুতি নিচ্ছি কিনা। ‘কাবার রবের কসম! যতক্ষণ পর্যন্ত না আমার দেহের রক্ত আল্লাহর জন্য প্রবাহিত হচ্ছে, ততক্ষণ পর্যন্ত আমি সফল হবনা।’ ‘দ্বীন মিটে যাবে আর আমি জীবিত থাকব, তা হবে না!’ এ ধরনের মানসিকতা আমার মাঝে আছে কিনা”।

যদি আমার মাঝে এ মানসিকতা ও এসব প্রস্তুতি না থাকে, তাহলে আমি প্রকৃতপক্ষে আল্লাহ ও তাঁর রাসূলকে সবচেয়ে বেশি মহব্বতকারী

নই। আচ্ছা! আপনিই বলুন, "আল্লাহ ও তাঁর রাসূলকে আমার জীবনের চেয়ে বেশি ভালোবাসি, কিন্তু তাদের জন্য জীবন দিতে পারবো না।" একথাটি কতটুকু যুক্তিসঙ্গত? জীবনই যদি না দিতে পারি তাহলে জীবনের চেয়ে বেশি ভালোবাসা হলো কী করে? এই ভালোবাসার অর্থ কী? তাই- আল্লাহর রাস্তায় জিহাদ ব্যতীত খোদাপ্রেম কিংবা নবীপ্রেম প্রকাশের আর কোনো চূড়ান্ত জায়গা নেই। প্রেমের এই চূড়ান্ত পরীক্ষা পাশ না করা পর্যন্ত প্রকৃত আশেকের সার্টিফিকেট মিলবে না, কস্মিনকালেও না।

আল্লাহ তাআলা ইরশাদ করেন,

قُلْ إِن كَانَ آبَاؤُكُمْ وَأَبْنَآؤُكُمْ وَإِخْوَانُكُمْ وَأَزْوَاجُكُمْ وَعَشِيرَتُكُمْ وَأَمْوَالٌ ٱقْتَرَفْتُمُوهَا وَتِجَارَةٌ تَخْشَوْنَ كَسَادَهَا وَمَسَاكِنُ تَرْضَوْنَهَآ أَحَبَّ إِلَيْكُم مِّنَ ٱللَّهِ وَرَسُولِهِ وَجِهَادٍ فِى سَبِيلِهِ فَتَرَبَّصُواْ حَتَّىٰ يَأْتِىَ ٱللَّهُ بِأَمْرِهِ وَٱللَّهُ لَا يَهْدِى ٱلْقَوْمَ ٱلْفَاسِقِينَ ﴿٢٤﴾

"বল, তোমাদের নিকট যদি তোমাদের পিতা, তোমাদের সন্তান, তোমাদের ভাই, তোমাদের স্ত্রী, তোমাদের গোত্র, তোমাদের অর্জিত ধন সম্পদ, তোমাদের ব্যবসা যা (ক্ষতি বা) বন্ধ হয়ে যাওয়ার ভয় কর, এবং তোমাদের বাসস্থান যাকে তোমরা পছন্দ কর- ***আল্লাহ, তাঁর রাসূল ও তাঁর রাহে জিহাদ করা*** থেকে অধিক প্রিয় হয়, তবে অপেক্ষা কর, আল্লাহর বিধান আসা পর্যন্ত (দেখ, তোমাদের পরিণতি কি হতে যাচ্ছে), আর আল্লাহ তাআলা ফাসেক সম্প্রদায়কে হেদায়েত করেন না।" (০৯ সূরা তাওবাহ: ২৪)

আল্লাহ তাআলাকে কেন সবচেয়ে বেশি ভালোবাসব না!!!

আল্লাহ তাআলা আমাদের পরম বন্ধু, আমাদের মাওলা, আমাদের অভিভাবক দুনিয়া ও আখিরাতে। তিনিই আমাদের রব, আমাদের প্রতিপালক।

তিনি তো এমন এক সত্ত্বা, যার স্তুতগীতি লিখতে গিয়ে সমুদ্রের কালি শেষ হয়ে গিয়েছে, তবুও তার স্তুতি-গান লিখা শেষ হয়নি।

তাঁর প্রশংসা করতে গিয়ে আকল ও বুদ্ধি হয়রান হয়ে গিয়েছে, কোনো কূল-কিনারা পায়নি।

তাঁর মাহাত্ম্য ভাবতে গিয়ে জ্ঞানীরা হতবুদ্ধি হয়ে পড়েছে, কোনো সীমা-পরিসীমা পায়নি।

অনন্তকাল যাবৎ যদি তাঁর প্রশংসা করা হয়, তবুও তা হবে তাঁর শানে নিতান্তই অপ্রতুল, নেহায়েত কম।

একসমুদ্র নয়, সাতসমুদ্রের নীর হতে এক ফোটা পানি তুললে তার উপমা যেমন হবে, অনাদি কাল হতে আরশের অধিপতির যত প্রশংসা করা হয়েছে, তার সমুদয়কে একত্রিত করলেও সেই মহান প্রভুর শানের সামনে তার তুলনা ততটুকুও হবে না।

কে আছে, তাঁর শাহানশাহী অনুপাতে স্তবক রচনা করবে, কে আছে তাঁর বাদশাহী অনুপাতে তাঁর গোলামী করবে? কে আছে তাঁর নেয়ামতসমূহ গণনা করবে? কে আছে তাঁর দয়া ও উদারতা পরিমাপ করবে? কে আছে তাঁর ক্ষমতা ও প্রতাপ উপলব্ধি করবে?

এমন কেউ আছে কি, তাঁকে ভালোবেসে কোনোদিন শেষ করতে পারবে? তাঁর প্রেমের অকুল দরিয়ার গভীরতা পরিমাপ করবে, এমন কে আছে?

তাঁর সমস্ত সৃষ্টিকুল যতবার তাঁর নাম জপেছে, যতবার তাঁকে সিজদা করেছে, যতবার তাঁর হাম্‌দ গেয়েছে, যতবার তাঁর সামনে আপনাকে মিটিয়েছে, সকলে মিলে যতই তার বড়ত্ব বয়ান করেছে, আর সম্মিলিতভাবে এগুলো তাঁর অসীম মর্যাদায়, তাঁর অসীম রাজত্বে, তাঁর অসীম প্রভুত্বে, তাঁর সীমাহীন কুদরতে বিন্দুমাত্র কোনো বৃদ্ধি করেছে কি?

আবার দেখ! আসমান-যমীনে যত অকৃতজ্ঞ ও অবাধ্য শয়তান, জীন ও ইনসান বিচরণ করছে এবং কিয়ামত পর্যন্ত করবে, তারা সকলে যত নাফরমানী করেছে এবং করবে, পরম মহিমাময় প্রভুর বিরোধিতা করছে এবং করবে, তাতে কী হয়েছে? আল্লাহ তাআলার অসীম রাজত্বে কিছুটা কম হয়েছে কী?

তিনিই আমাদের আল্লাহ, এক, অদ্বিতীয় ও অতুলনীয়। তাঁর রাজত্ব, ক্ষমতা কিংবা অস্তিত্বে কোনো প্রকার শরীক বা অংশীদার বা অংশ নেই। তাঁর কোনো অভাব নেই। তিনিই কি সকলের অভাব পূরণকারী নন?

তিনি কারও পিতা নন, পুত্রও নন, তাঁর সমতুল্য কেউ নেই।

একমাত্র তিনিই সবকিছুর সৃষ্টিকর্তা, রক্ষাকর্তা ও পালনকর্তা।

কোনো জ্ঞান বা চক্ষু আল্লাহ তা'আলাকে আয়ত্ত করতে পারে না।

তিনি চিরকাল আছেন এবং থাকবেন। তিনি অনাদি ও অনন্ত। তাঁর মতো আর কেউ আছে কি?

তিনিই আমাদের মাওলা, আল্লাহ তাআলা, তিনি ছাড়া আর কোনো মাবুদ বা উপাস্য নেই। তিনিই একমাত্র ইবাদত পাওয়ার যোগ্য। তারা আল্লাহ তাআলার সাথে যা শরীক করে, আমাদের রব তা হতে অকল্পনীয়রূপে পবিত্র, তাঁর শান অতি উচ্চে। আল্লাহ তাআলা কি তাদের অন্তরের খবরও রাখেন না? সৃষ্টজীবের সাথে তাঁর কোনো তুলনা চলে কি?

তিনি সকল কিছু দেখেন, সকল কিছু শুনেন, সকল কিছু জানেন। তাঁর সকল সৃষ্টির খবর তিনি একবারে রাখেন, সকলের কথা, মনের ব্যথা তিনি একবারে শুনেন, সকলের ভাষা তিনি একবারে বুঝেন, বরং সকলকে তিনিই ভাষা শিক্ষা দিয়েছেন।

তিনিই আমাদের মাওলা, আল্লাহ তাআলা, তিনি সব দোষ-ত্রুটি হতে পবিত্র। তাঁর মাঝে আদৌ কোনো রকমের দোষ-ত্রুটি নেই। তাঁর ক্রিয়া-কর্ম, আদেশ-নিষেধ সবই ভালো ও মঙ্গলময়, কোনো একটিতেও বিন্দুমাত্র অন্যায় বা দোষ নেই। তিনিই বিপদ আপদ দেন, তিনিই বিপদ আপদ হতে উদ্ধার করেন, অন্য কেউ কোনো প্রকার বিপদ আপদ হতে মুক্তি দিতে পারে না। অসুস্থতায় কে আমাদের সুস্থতা দান করেন? তিনি ছাড়া আর কোনো শিফাদান কারী আছে কি? বিপদাপদ দূর করনেওয়ালা আরো কেউ আছে কি?

প্রকৃত সম্মান ও মর্যাদা তাঁরই। তিনিই সকল সম্মান ও মর্যাদার অধিপতি। তিনিই প্রকৃত মহান। একমাত্র তিনিই নিজেকে নিজে বড় বলতে পারেন। এতদ্ব্যতীত অন্য কারো এ রকম বলার ক্ষমতা ও অধিকার নেই।

তিনিই আমাদের মাওলা, যিনি আসমান যমীনের সকল মাখলূক সৃষ্টি করেছেন। তিনি আমাদেরকে সৃষ্টি করেছেন সর্বোত্তম উপায়ে। তিনি

আমাদেরকে দেখার জন্য চোখ দিয়েছেন, শুনার জন্য কান দিয়েছেন, কথা বলার জন্য স্বরতন্ত্র দিয়েছেন, স্বাদ নেয়ার জন্য জিহ্বা দিয়েছেন, ঘ্রাণ নেয়ার জন্য নাক দিয়েছেন, ধরা ও লিখার জন্য হাত ও আঙ্গুলি দিয়েছেন, চলার জন্য পা দিয়েছেন, স্পর্শ বা ব্যথা অনুভূতির জন্য ত্বক দিয়েছেন, খাদ্য গ্রহণ, হজম ইত্যাদি কাজের জন্য পৌষ্টিকতন্ত্র (মুখ, খাদ্যনালী, পাকস্থলি, নাড়ি-ভূড়ি, যকৃত, অগ্ন্যাশয় ইত্যাদি) দিয়েছেন, শ্বাস-প্রশ্বাসের জন্য শ্বসনতন্ত্র (নাক, শ্বাসনালী, ফুসফুস ইত্যাদি) দিয়েছেন, খাদ্যের পুষ্টিকণা শোষণ, বিভিন্ন প্রাণরস ও বাতাস থেকে অক্সিজেন শরীরের প্রতিটি কোষে পৌঁছানোর কাজে রক্ত পরিবহনতন্ত্র (হৃদপিণ্ড, রক্তনালী ইত্যাদি) দিয়েছেন, শরীর থেকে ক্ষতিকর পদার্থ বের করে দেয়ার জন্য রেচনতন্ত্র (কিডনী, মূত্রনালি, মূত্রথলি ইত্যাদি) দিয়েছেন, চলাচল করার জন্য শরীরের কাঠামো ঠিক রাখতে তিনি আমাদেরকে কঙ্কালতন্ত্র (২০৬ টি অস্থি, তরুণাস্থি, মাংসপেশী ইত্যাদি) দিয়েছেন এবং এগুলোকে সবল করেছেন, সারা দেহের সকল কার্যক্রমকে বিদ্যুতের গতিতে নিয়ন্ত্রণ করতে আল্লাহ তাআলা স্নায়ুতন্ত্র (মস্তিষ্ক, মেরুরজ্জু, স্নায়ু ইত্যাদি) দিয়েছেন, এগুলোর কিছু অংশ আমাদের ইচ্ছাধীন, অধিকাংশই আমাদের ইচ্ছায় চলে না, যেমন আমরা ইচ্ছা করলে হাত-পা নাড়াতে পারি, কথা বলতে পারি, কিন্তু আমরা ইচ্ছা করলে আমাদের হৃদপিণ্ডের স্পন্দন বন্ধ করতে বা চালু করতে পারিনা। চিন্তা করার জন্য, সুখ, দুঃখ, ভালোবাসা, দয়া ইত্যাদি আবেগ-অনুভূতির জন্য আল্লাহ তাআলা আমাদেরকে অন্তর (কল্‌ব) দিয়েছেন, মুমিনের কল্‌বকে তিনি তাঁর আরশ হিসেবে আখ্যায়িত করেছেন, এছাড়াও আমাদেরকে দিয়েছেন রূহ (আত্মা), নফস (প্রবৃত্তি) ইত্যাদি। মানবজাতির ধারা ঠিক রাখার জন্য তিনি প্রজননতন্ত্র দিয়েছেন,

আশ্চর্য উপায়ে তিনি এক ফোঁটা শুক্রবিন্দু থেকে নর-নারী রূপে মানুষ সৃষ্টি করেন। স্বামী-স্ত্রীর মাঝে মহব্বত সৃষ্টি করেছেন। পারিবারিক বন্ধন সৃষ্টি করে দিয়েছেন। এভাবে আল্লাহ তাআলাই আমাদেরকে অসংখ্য অগণিত নিয়ামত দিয়েছেন, যা বলে বা হিসেব করে কোনোদিন আমরা শেষ করতে পারবো না।

